



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা ১১৫৪১

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ভোলা-১৯৩/ ২০১৬

তারিখঃ ১৫/১০/২০১৬খ্রিঃ

বিষয় : ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে জনাব এনায়েত কবীর এর পদ বাতিল পূর্বক পুনরায় সভাপতি মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ নং- বামাশিবো/প্রশা/ভোলা-১৯৩/১৯০২: তারিখঃ ২৩/০৮/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার লালমোহন উপজেলাধীন সাফিয়া খানম বালিকা দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির সভাপতি জনাব এনায়েত কবীর এর বিরুদ্ধে ষেচ্ছাচারিতা, মাদরাসায় রাজনৈতিক কার্যক্রম পরিচালনায়, বিশৃঙ্খলা সৃষ্টিসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে জঙ্গি প্রতিরোধ কমিটির সদস্য জনাব মোঃ মনির হোসেন একখানা অভিযোগপত্র দাখিল করেন। আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, ম্যানেজিং কমিটির সভাপতি জনাব এনায়েত কবীরকে বাদ দিয়ে জনৈক মোঃ মিজানুর রহমান, পিতা- মৃত হানিফ হাওলাদারকে মনোনয়ন প্রদানের জন্য মাননীয় সংসদ সদস্য-১১৭, ভোলা-০৩ এর একখানা ডিও লেটার সংযুক্ত রয়েছে।


২) সভাপতি হিসাবে জনাব এনায়েত কবীর এর এহেন কার্যকলাপ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান- ১১ ও ৪১ এর পরিপন্থি হওয়ায় এ দস্তুর হতে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে তাঁর পদ কেন বাতিল করা হবে না মর্মে সূত্রে উল্লিখিত স্মারকে কারণ দর্শানো হয়। উক্ত কারণ দর্শানোর প্রেক্ষিতে সভাপতি জনাব এনায়েত কবীর যে জবাব দাখিল করেছেন, তা সন্তোষজনক নয়।

৩) এছাড়া মাদরাসার সুপার কর্তৃক প্রবিধান-৮(৫) অনুসারে নির্বাচন পরিচালনাকারী প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে ম্যানেজিং কমিটির সভা অনুষ্ঠান পূর্বক সদস্যদের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে জনাব মোঃ মিজানুর রহমান, পিতা- মৃত হানিফ হাওলাদারকে সভাপতি হিসাবে নির্বাচন করে সভার কার্যবিবরণী দাখিল করা হয়েছে।

বর্ণিত অবস্থায়-

ক) বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দস্তুর হতে নং- বামাশিবো/প্রশা/১৫৭৫/নথি নং- ভোলা-১৯৩; তারিখঃ ০৫/০৬/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে জনাব এনায়েত কবীর এর পদ এতদ্বারা বাতিল করা হলো; এবং

খ) ম্যানেজিং কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য জনাব মোঃ মিজানুর রহমান, পিতা- মৃত হানিফ হাওলাদারকে সভাপতি হিসাবে নির্বাচন করার বিষয়টি বোর্ড কর্তৃক অনুমোদন প্রদান করা হলো। কমিটির অন্যান্য সদস্যপদ বহাল থাকবে।

  
০৫/১০/২০১৬  
মোঃ নজমুল হুদা  
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত)  
ও  
পরীক্ষা নিয়ন্ত্রক  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৫৮৬১০২০২

প্রাপকঃ জনাব মোঃ মিজানুর রহমান, পিতা- মৃত হানিফ হাওলাদার  
সাহ- ৪নং ওয়ার্ড, লালমোহন, পৌরসভা, লালমোহন, ভোলা।

নং- বামাশিবো/প্রশা/ভোলা-১৯৩/

তারিখঃ /১০/২০১৬খ্রিঃ

সুদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১. উপজেলা নির্বাহী অফিসার, লালমোহন, ভোলা।
২. জেলা শিক্ষা অফিসার, ভোলা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লালমোহন, ভোলা।
৪. ম্যানেজার, সোনালী/রূপালী/জমতাবা/অগ্রণী ব্যাংক লিমিটেড .....শাখা, লালমোহন, ভোলা।
৫. সুপার, সাফিয়া খানম বালিকা দাখিল মাদরাসা, লালমোহন, ভোলা।
৬. সদস্যবৃন্দ, ম্যানেজিং কমিটি, সাফিয়া খানম বালিকা দাখিল মাদরাসা, লালমোহন, ভোলা।
৭. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৯৬৭৪৮৭৪